দৈনিক জনকণ্ঠ

তারিখ 21 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩

# মাধ্যমিক স্কুল ও মাদ্রাসায় আজ কেবিনেট নির্বাচন

**স্টাফ রিপোর্টার ॥** গেল বছর প্রথমবারের মতো মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মধ্যে নির্বাচনের মাধ্যমে স্টুডেন্ট কেবিনেট গঠনের ঘটনা ইতিবাচক আলোচনার জন্ম দিয়েছিল। 'ছোটদের মন্ত্রিসভা' গঠনের ঘটনা ব্যাপক সাড়া ফেলেছিল শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের মাঝে।

গত বছরের পরীক্ষামূলক নির্বাচনের সফলতার পর, এবার আজ সারাদেশের মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় অনুষ্ঠিত হতে যাচ্ছে কেবিনেট নির্বাচন। কিশোর বয়স থেকে গণতন্ত্রের চর্চা ও অন্যের মতামতের প্রতি সহিষ্ণুতা এবং শতভাগ ছাত্রছাত্রীর ভর্তি ও ঝরে পড়া রোধের উদ্দেশ্য নিয়ে এবার স্টুডেন্ট কেবিনেট নির্বাচন হবে দুই দফায়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রবিবার সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে নির্বাচনের বিভিন্ন দিক তুলে ধরেন। এ সময় শিক্ষা সচিব মোঃ সোহরাব হোসাইন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন, ব্যানবেইসের পরিচালক মোঃ ফসিউল্লাহসহ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।